



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

সিশিবো/পনি/মাধ্যঃ/২০১৯/২২২

তারিখঃ ০৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ

১৮ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ


## বিষয়ঃ জে এস সি পরীক্ষা কেন্দ্র পর্যবেক্ষন সংক্রান্ত।

সম্প্রতি সমাপ্ত ২০১৯ সালের জেএসসি পরীক্ষার বেশ কিছু কেন্দ্র এবং ভেন্যুসহ কেন্দ্র পরিদর্শনে বিভিন্ন ধরনের অনিয়ম/অব্যবস্থাপনা পরিলক্ষিত হয়েছে যা বোর্ডের পরীক্ষা পরিচালনা নীতিমালা পরিপন্থী।  
অনিয়ম অব্যবস্থাপনাগুলো নিম্নরূপঃ

১. কেন্দ্রে আসন সংখ্যার চেয়ে অধিক সংখ্যক পরীক্ষার্থী গ্রহণ এবং এ কারণে এক বেধে ০৩(তিন) জন করে পরীক্ষার্থী বসানো হয়েছে।
২. কেন্দ্রে নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বসানো হয়েছে এবং সুবিধা প্রদান করা হয়েছে।
৩. পাশ্চবর্তী মাধ্যমিক বিদ্যালয় থাকা সত্ত্বেও প্রাথমিক বিদ্যালয়, মাদ্রাসা, কিন্ডার গার্টেন কিংবা কলেকে কেন্দ্রে ভেন্যু হিসেবে নেয়া। এতে করে প্রাথমিক বিদ্যালয় /কলেজ বন্ধ করে দিতে হয়েছে এবং পাঠদান কার্যক্রম ব্যাহত হয়েছে।
৪. কেন্দ্র বা কেন্দ্রের ভেন্যুতে কক্ষ খালি থাকা সত্ত্বেও এক বেধে ৩ জন করে পরীক্ষার্থী বসিয়ে পরীক্ষা নেয়া হয়েছে।
৫. অনেক ক্ষেত্রে কিন্ডার গার্টেন ও প্রাথমিক বিদ্যালয়কে কেন্দ্রের ভেন্যু হিসেবে নেওয়া হয়েছে, যেখানে বেশিরভাগ কক্ষগুলো আয়তনে ছোট এবং হাইবেধে গুলো অত্যন্ত নিচু যাতে অষ্টম শ্রেণীর পরীক্ষার্থীদেরকে কুঁজো হয়ে লিখে পরীক্ষা দিতে দেখা গেছে।
৬. কোনো কোনো কেন্দ্রের ভেন্যু, প্রতিষ্ঠানের ক্যাম্পাসের ভিতরে এবং ভবনের গাঁ ঘেষে স্থাপিত যার ফলে কেন্দ্র এবং ভেন্যুর মধ্যে পার্থক্য করা যায়নি।
৭. কোনো কোনো কেন্দ্রের একাধিক ভেন্যু থাকায় পরীক্ষা পরিচালনায় হ-য-ব-র-ল অবস্থা পরিলক্ষিত হয়েছে।

এমতাবস্থায়, ২০২০ সালে অনুষ্ঠিতব্য এস এস সি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের নিমিত্তে কেন্দ্র ও ভেন্যুসহ কেন্দ্রগুলোর আসন ব্যবস্থাপনা সংস্কারের পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন এবং ইতোমধ্যে অত্র দপ্তর থেকে সকল কেন্দ্র সচিবগণকে তাঁর কেন্দ্রের হালনাগাদ যাবতীয় তথ্যাদি (কক্ষ সংখ্যা, বেধে সংখ্যা, প্রত্যবেক্ষক সংখ্যা) প্রেরণের জন্য পত্র জারী করা হয়েছে। একই সংগে একটির বেশি ভেন্যু এবং প্রাথমিক বিদ্যালয়, কিন্ডার গার্টেন, মাদ্রাসা ও কলেজকে কেন্দ্রের ভেন্যু হিসাবে নেয়া যাবেনা মর্মে কেন্দ্র সচিবগণকে জানিয়ে দেয়া হয়েছে। বিষয়টি কার্যকর করার লক্ষ্যে নতুন কেন্দ্র স্থাপনেরও দরকার হতে পারে। এ বিষয়ে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করছি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

  
(মোঃ কবির আহমদ) ১৮/১১/২০১৯

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

টেলিফোনঃ ০৮২১-৮৪০০৮৫

জেলা প্রশাসক

সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) : সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা।
- ৩। কেন্দ্র সচিব জেএসসি /এসএসসি পরীক্ষা কেন্দ্র ( বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র)।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৫। সংরক্ষণ নথি।